

স্মারকনং- ৩৪.০১.০৯০০.০০০.৩৮.০০১.২১- ৪০৯

তারিখঃ ২৭/০৭/২০২২খ্রিঃ

ভর্তি বিজ্ঞপ্তি

দেশে পরিবহন খাতে দূর্ঘটনা রোধে দক্ষ গাড়ীচালক তৈরির মাধ্যমে যুবদের জন্য পরিবহন খাতে কর্মসংস্থান ও আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি এবং দারিদ্র্য বিমোচনের পাশাপাশি টেকসই জীবিকা নিশ্চিত করার লক্ষ্যে যুব উন্নয়ন অধিদপ্তরাধীন “যানবাহন চালনা প্রশিক্ষণ” প্রকল্পের আওতাধীন ৪০টি প্রশিক্ষণ কেন্দ্রের মাধ্যমে ৬৪ জেলার বেকার যুবদের যানবাহন চালনা বিষয়ে ০১ (এক) মাস মেয়াদি অনাবাসিক প্রশিক্ষণ প্রদান করা হবে। উক্ত প্রশিক্ষণ কোর্সে ভর্তির লক্ষ্যে কর্মপ্রত্যাশী যুবক ও যুব নারীদের এক/একাধিক প্যানেল করার নিমিত্ত তাদের নিকট থেকে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্র. নং	প্রশিক্ষণ কোর্সের নাম	শিক্ষাগত যোগ্যতা (ন্যূনতম) ও অন্যান্য যোগ্যতা	কোর্সের মেয়াদ	প্রশিক্ষণ ভাতা/যাতায়াত ভাতা (টাকা)	আসন সংখ্যা	আবেদনের শেষ তারিখ	সাক্ষাৎকারের তারিখ ও সময়	ভর্তির তারিখ	প্রশিক্ষণ শুরু তারিখ	মন্তব্য
০১	যানবাহন চালনা প্রশিক্ষণ (অনাবাসিক)	অস্টম শ্রেণি বা সমমান পাশ। বয়স ১৮ থেকে ৩৫ বছর। (জাতীয় পরিচয়পত্র থাকা বাধ্যতামূলক)	০১(এক) মাস (অনাবাসিক)	জনপ্রতি দৈনিক ১৫০/-টাকা	ভোলা জেলায় ২০ জন ও পটুয়াখালী জেলায় ২০জন মোট= ৪০ জন	০৮/৮/২২	১০/০৮/২২ খ্রিঃ সকাল ১০.০০ ঘটিকা	পরে জানানো হবে	পরে জানানো হবে	১ম, ২য় ও ৩য় ব্যাচের জন্য ১২০ জন প্রার্থী নির্বাচন করা হবে।

দরখাস্ত ও ভর্তি সংক্রান্ত তথ্যাদি :

- বর্ণিত কোর্সে দরখাস্ত জমা দেওয়ার শেষ তারিখ ০৮/০৮/২০২২ খ্রিঃ।
- বর্ণিত কোর্সে ভর্তি হতে ইচ্ছুক বা আগ্রহী প্রার্থীর বয়স অবশ্যই ২১ থেকে ৩৫ বৎসর এবং বেকার যুবক ও যুব মহিলা হতে হবে।
- স্বহস্তে পূরণকৃত আবেদন ফর্ম (০১) নাম (বাংলা ও ইংরেজী) (০২) পিতার নাম (বাংলা ও ইংরেজী) (০৩) মাতার নাম (বাংলা ও ইংরেজী) (০৪) জন্ম তারিখ (০৫) বিজ্ঞপ্তি প্রদানের তারিখে বয়স (০৬) জাতীয়তা পরিচয়পত্র (NID) নম্বর (০৭) বর্তমান ঠিকানা (৮) স্থায়ী ঠিকানা (৯) শিক্ষাগত যোগ্যতা (১০) ধর্ম (১১) জেলার/লিঙ্গ (১২) মোবাইল নম্বর (১৩) Whatsapp নম্বর (১৪) Facebook ID (যদি থাকে) (১৫) ই-মেইল ঠিকানা (১৬) বিকল্প যোগাযোগ নম্বর (১৭) সংশ্লিষ্ট বিষয়ে ইতিপূর্বে গৃহীত প্রশিক্ষণ (যদি থাকে)
- আবেদনপত্রের সাথে (ক) শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের অনুলিপি (খ) জাতীয় পরিচয়পত্রের অনুলিপি জমা দিতে হবে।
- সাক্ষাৎকার ও মনোনয়নকালে মূল সনদপত্র ও সদ্য তোলা ০২ কপি পাসপোর্ট সাইজের ছবি সংগে আনতে হবে।
- নির্ধারিত আবেদন ফরম যুব উন্নয়ন অধিদপ্তরের (www.dyd.gov.bd) ওয়েব সাইটে পাওয়া যাবে অথবা স্ব-স্ব উপপরিচালক / ডেপুটি কো-অর্ডিনেটর এবং উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয় থেকে বিনামূল্যে সংগ্রহ করা যাবে।
- সাক্ষাৎকারের জন্য নির্ধারিত তারিখ ও সময়ে সংশ্লিষ্ট নির্বাচনী বোর্ডের সামনে হাজির হতে হবে। এ জন্য কোন প্রকার টিএ/ডিএ প্রদান করা যাবে না।
- ভর্তির ব্যাপারে নির্বাচনী বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।


উল্লেখ্য, যাদের জাতীয় পরিচয়পত্র নেই এবং যাদের যে কোনো প্রকারের ড্রাইভিং লাইসেন্স রয়েছে, তারা কোনোভাবেই প্রশিক্ষণের জন্য আবেদন করতে পারবে না। কেউ তথ্য গোপন করে আবেদন করলে পরবর্তীকালে কর্তৃপক্ষ তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে পারবে।

প্রশিক্ষণের শর্তাবলীঃ

- ক) প্রত্যেক প্রশিক্ষণার্থীকে কেন্দ্রের নিয়ম-শৃংখলা মেনে চলতে হবে।
- খ) প্রত্যেক প্রশিক্ষণার্থীকে যথাসময়ে প্রশিক্ষণ কেন্দ্রে উপস্থিত থাকতে হবে।
- গ) প্রশিক্ষণ শেষে আত্মকর্ম/কর্মসংস্থানে নিয়োজিত হওয়ার তথ্য যুব উন্নয়ন অধিদপ্তরের সংশ্লিষ্ট উপপরিচালক বরাবরের দাখিল করতে হবে।
- ঘ) প্রশিক্ষণকালীন সরকার কর্তৃক নির্দেশিত স্বাস্থ্যবিধি মেনে চলতে হবে।

প্রশিক্ষণ ও ভর্তির জন্য যোগাযোগ

* উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, ভোলা/পটুয়াখালী।



২৭/৭/২০২২

(মোঃ আবেদ শাহ্)

উপপরিচালক

যুব উন্নয়ন অধিদপ্তর

ভোলা।

ফোন: ০২৪৭৮৮৯৪১৯৭

e-mail: ddbholo@dyd.gov.bd

স্মারকনং- ৩৪.০১.০৯০০.০০০.৩৮.০০১.২১- ৪০৯

তারিখঃ ২৭/০৭/২০২২খ্রিঃ।

সদয় অবগতি প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। প্রকল্প পরিচালক(অতিরিক্ত দায়িত্ব), যুগাসচিব, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, ভোলা।
- ৩। পুলিশ সুপার, ভোলা।
- ৪। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, ভোলা।
- ৫। উপপরিচালক কৃষি সম্প্রসারণ/জেলা মৎস্য কর্মকর্তা/জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা / উপপরিচালক সমাজসেবা/ উপপরিচালক মহিলা বিষয়ক অধিদপ্তর/জেলা শিক্ষা অফিসার/জেলা তথ্য অফিসার/সহকারী পরিচালক বিআরটিএ, ভোলা।
- ৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ (সকল) ভোলা।
- ৭। উপজেলা নির্বাহী অফিসার (সকল). ভোলা।
- ৮। উপপরিচালক, পটুয়াখালী/ ডেপুটি কো-অর্ডিনেটর, যুব উন্নয়ন অধিদপ্তর, যুব প্রশিক্ষণ কেন্দ্র, বাংলাবাজার, ভোলা।
- ৯। সহকারী কমিশনার ভূমি (সকল)/উপজেলা মৎস্য কর্মকর্তা/ উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা/ উপজেলা সমাজ সেবা অফিসার/ উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, (সকল) ভোলা।
- ১০। আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয় বিজ্ঞপ্তিটি ওয়েবপোর্টালে প্রচারের জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।
- ১১। উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা (সকল) ভোলা। (বিজ্ঞপ্তিটি ওয়েবপোর্টালে প্রচারের জন্য অনুরোধ করা হলো)
- ১২। মহাপরিচালক(গ্রেড-১) মহোদয়ের ব্যক্তিগত সহকারী, যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ১৩। সভাপতি/সাধারণ সম্পাদক, প্রেসক্লাব, ভোলা।
- ১৪। কমিটির সদস্য. ভোলা।
- ১৫। নোটিশ বোর্ড।
- ১৬। অফিস কপি।



২৭/৭/২০২২

(মোঃ আবেদ শাহ্)

উপপরিচালক

যুব উন্নয়ন অধিদপ্তর, ভোলা।

ফোন: ০২৪৭৮৮৯৪১৯৭